




হরমুজ প্রণালিতে তেলবাহী জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে আটকে থাকা জাহাজগুলোকে নিরাপদে সরিয়ে নিতে উদ্যোগ নেওয়ার কথা জানিয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সোমবার থেকেই সেই কার্যক্রম শুরুর পরিকল্পনা ছিল। তবে এর আগেই নতুন করে উত্তেজনা ছড়িয়েছে—একটি তেলবাহী ট্যাংকারে অজানা উৎস থেকে ক্ষেপণাস্ত্র হামলার খবর মিলেছে।

যুক্তরাজ্যভিত্তিক মেরিটাইম সংস্থা ইউকেএমটিও জানায়, সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরাহ উপকূলের কাছাকাছি একটি জাহাজ আক্রমণের শিকার হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, এটি ক্ষেপণাস্ত্র হামলা হতে পারে।

হামলার পরপরই জাহাজটি উপকূলীয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে। তবে স্বস্তির খবর হলো—জাহাজে থাকা সব দ্রুত সদস্যই নিরাপদ আছেন এবং বড় ধরনের কোনো পরিবেশগত ক্ষতির তথ্য পাওয়া যায়নি।

এর আগে একই এলাকায় আরেকটি পণ্যবাহী জাহাজ ছোট নৌযান থেকে হামলার মুখে পড়ে বলে আন্তর্জাতিক গণমাধ্যমে খবর আসে। ঘটনাটি ইরানের উপকূলীয় অঞ্চলের কাছাকাছি ঘটেছিল বলে জানা যায়।

এদিকে সিএনএন জানিয়েছে, ক্ষতিগ্রস্ত জাহাজটি ওমানের মুসান্দাম উপদ্বীপের উত্তর প্রান্তের আশপাশে অবস্থান করছিল। পরিস্থিতি বিবেচনায় ওই অঞ্চলজুড়ে নিরাপত্তা বাঁকি বেড়েছে বলে মনে করা হচ্ছে।

মার্কিন সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক রাখতে তারা দ্রুত কাজ শুরু করবে। ট্রাম্পের ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই এই হামলার ঘটনা সামনে আসায় পরিস্থিতি আরও জটিল হয়ে উঠেছে।

সবশেষে ইউকেএমটিও জানিয়েছে, ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে এবং ওই অঞ্চলে চলাচলকারী জাহাজগুলোকে বাড়তি সতর্কতা মেনে চলার পরামর্শ দেওয়া হয়েছে।